দৈনিক
ইনকিলাব

তারিখ 2 3 APR 2009
পৃষ্ঠা ... কলাম ...

### সাধারণ শিক্ষাব্যবস্থায় ধর্মশিক্ষা অবহেলিত

# প্রাইমারী ও হাইস্কুলে ধর্মীয় শিক্ষাকে প্রাধান্য দিতে হবে –বেফাক মহাসচিব

স্টাফ রিপোর্টার ॥ সরকারী অর্থায়নে পরিচালিত দেশের প্রাইমারী ও হাইস্কুলে ধর্মশিক্ষা অবহেলিত বলে মন্তব্য করেছেন বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষা বোর্ড-বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর মহাসচিব মাওলানা আবদুল জব্বার। গতকাল এক বিবৃতিতে তিনি বলেন, শিক্ষার প্রধান ধারাসমূহ হলো ধর্মীয় জ্ঞান-বিজ্ঞান ও বৈষয়িক জ্ঞান-বিজ্ঞানের শিক্ষার ধারা। যে শিক্ষা মানুষকে জীবনের প্রতিটি বাঁকে বাঁকে এমনকি মরার পরও প্রয়োজনে আসে, তা হলো ধর্মীয় শিক্ষা। আর জাগতিক সুখভোগের জন্য প্রয়োজন হয় বৈষয়িক জ্ঞানের। বাংলাদেশের প্রেক্ষাপটে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খৃষ্টান সব সম্প্রদায়ের লোকেরাই ধর্মের প্রতি দুর্বল। তাই দেশের সর্বসাধারণের কথা ভেবে প্রাইমারী স্কুলগুলোতে ধর্ম শিক্ষাকে প্রাধান্য দেয়ার জোর দাবী জানান তিনি। শিক্ষা কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, ধর্মশিক্ষা প্রাধান্য পেলে দেশে আদর্শ মানুষ, সুনাগরিক ও দেশপ্রেমিক গড়ে উঠবে। কারণ সব ধর্মই সততা, মানবতা ও দেশপ্রেমের কথা শিক্ষা দেয়। বিবৃতিতে বলা হয়, যেহেতু বাংলাদেশ সংখ্যাগরিষ্ঠ মুসলিম রাষ্ট্র। তাই প্রাইমারী স্কুলের মুসলিম ছাত্র-ছাত্রীদেরকে বিশুদ্ধ কুরআন শিক্ষা ও হাইস্কুলের ছেলে-মেয়েদের পর্যাপ্ত ধর্মীয় জ্ঞান দান নিশ্চিত করতে হবে। বিবৃতিতে দেশের হিন্দু সম্প্রদায়সহ অন্যান্য ধর্মাবলম্বীদের শিক্ষার প্রতিও বিশেষ নজর রাখার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।